EMIS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৭জি-১৫৮(ক-৩)/২০০৮ ১২৭৫৬ তারিখ-১৮/০৪/২০১২ খ্রি.

# অফিস আদেশ

বিষয় : বেসরকারি কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বেসরকারি কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাউশি এর প্রতিনিধি আবশ্যক। নিয়োগ বোর্ডে মহাপরিচালক কর্তৃক মনোনীত প্রতিনিধি ছাড়া শিক্ষক/কর্মচারী নিয়োগ করা হলে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর আবেদন এমপিওভুক্তির জন্য বিবেচনা করা হবে না। এতদসংগে সংযুক্ত তালিকাভুক্ত (সংযুক্তি 'ক') সরকারি কলেজের অধ্যক্ষগণ সংশ্লিষ্ট জেলার বেসরকারি কলেজ এবং আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় নির্ধারিত জনবল কাঠামো মোতাবেক পদ শূন্য থাকার বিষয়টি নিশ্চিত হয়ে মহাপরিচালক এর প্রতিনিধি হবেন/মনোনয়ন দিবেন। মহাপরিচালক এর প্রতিনিধি হিসেবে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৬.১(গ), ৬.২(ক), ৬.২(খ), ৬.৩(খ), ৬.৩(গ), ৬.৩ (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক কেবলমাত্র প্যাটার্ণভুক্ত শূন্য পদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষ এমপিওশীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ০৪/০২/২০১০ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি অংশ নিবেন না/মনোনয়ন দিবেন না।

০২। সংযুক্ত তালিকাভুক্ত (৬৪ জেলার ৬৪ কলেজ) কলেজের অধ্যক্ষগণ কর্তৃক নিজের পরিবর্তে অন্যকে ডিজির প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে সরকারি কলেজের বিষয় ভিত্তিক শিক্ষককে ডিজির প্রতিনিধি মনোনয়ন দিবেন। উল্লেখ্য, অধ্যক্ষ/উপাধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে অধ্যাপক পদমর্যাদার প্রতিনিধি মনোনয়ন দিবেন।

০৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ১১(ক), ১১(খ) এবং পরিশিষ্ট 'ঘ' মোতাবেক কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করবেন।

০৪। মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৯(গ) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করতে হবে।

০৫। প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিংবডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৬। শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষার সমম্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধির নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করবেন।

০৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার পরবর্তী কোন সংশোধনী থাকলে তাহা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে উপরোক্ত নির্দেশাবলী পুঙ্খানুপুঙ্খভাবে প্রতিপালন ব্যতীত বেসরকারি কলেজ এবং আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসাসমূহে শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৯/২০০৬ তারিখের নং- শাঃ৪/মামলা/৮-২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক শৃংখলামূলক ব্যবস্থা গৃহীত হবে।

০৯। এতদ্‌সংক্রান্ত মাউশি অধিদপ্তরের ০৩/০৯/২০০৮ তারিখের নং- ৭জি/১৫৮(ক-৩)/২০০৮/১৯১৯২/১০ পরিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

১০। এ পরিপত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক স্তরে এবং আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসার দাখিল স্তরের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১১। পত্র জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

স্বাক্ষরিত/
প্রফেসর মোঃ নোমান উর রশীদ
মহাপরিচালক
ফোন ঃ ৯৫৫৩৫৪২

স্মারক নং-~~১৯১৯২/১০০০০ক-৩~~ ৭জি/১৫৮/১৭৫৭/৭৫ তারিখ ঃ ১৮/৪/১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
০৫। অধ্যক্ষ, ........................................................................।
০৬। উপ-পরিচালক (প্রশাসন/কলেজ-১,২/বিশেষ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ............................ অঞ্চল, ...................... তাঁর অঞ্চলের সকল বেসরকারি কলেজ এবং আলিম ও ফাযিল মাদরাসাসমূহে অফিস আদেশটি বিতরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮। সহকারী পরিচালক (প্রশাসন/কলেজ-১,২,৩,৪/বিশেষ/মাধ্যমিক/১,২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (অফিস আদেশটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১১। সংরক্ষণ নথি।

(মোঃ জসিম উদ্দিন)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭

(সংযুক্তি- 'ক')

| ক্রমিক নং | জেলা | কলেজ | ক্রমিক নং | জেলা | কলেজ |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা মহানগর | মাউশি অধিদপ্তর | ৩৩ | রাজশাহী | রাজশাহী সরকারি কলেজ |
| | ঢাকা জেলা (ঢাকা মহানগরী ব্যতীত) | ঢাকা কলেজ | | | |
| ০২ | মানিকগঞ্জ | সরকারি দেবেন্দ্র কলেজ | ৩৪ | নবাবগঞ্জ | নবাবগঞ্জ সরকারি কলেজ |
| ০৩ | গাজীপুর | ভাওয়াল বদরে আলম কলেজ | ৩৫ | নাটোর | এন এস সরকারি কলেজ |
| ০৪ | নরসিংদী | নরসিংদী সরকারি কলেজ | ৩৬ | নওগাঁ | নওগাঁ সরকারি কলেজ |
| ০৫ | মুন্সিগঞ্জ | সরকারি হরগংগা কলেজ | ৩৭ | পাবনা | এডওয়ার্ড কলেজ |
| ০৬ | নারায়নগঞ্জ | সরকারি তোলারাম কলেজ | ৩৮ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সরকারি কলেজ |
| ০৭ | ফরিদপুর | সরকারি রাজেন্দ্র | ৩৯ | রংপুর | কারমাইকেল কলেজ |
| ০৮ | মাদারীপুর | নাজিম উদ্দিন কলেজ | ৪০ | নীলফামারী | নীলফামারী সরকারি কলেজ |
| ০৯ | শরীয়তপুর | শরীয়তপুর কলেজ | ৪১ | গাইবান্ধা | গাইবান্ধা সরকারি কলেজ |
| ১০ | রাজবাড়ী | রাজবাড়ী সরকারি কলেজ | ৪২ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সরকারি কলেজ |
| ১১ | গোপালগঞ্জ | বঙ্গবন্ধু কলেজ | ৪৩ | লালমনিরহাট | লালমনিরহাট সরকারি কলেজ |
| ১২ | টাংগাইল | সা'দত কলেজ | ৪৪ | বগুড়া | আযিযুল হক কলেজ |
| ১৩ | জামালপুর | আশেক মাহমুদ কলেজ | ৪৫ | জয়পুরহাট | জয়পুরহাট সরকারি কলেজ |
| ১৪ | শেরপুর | শেরপুর সরকারি কলেজ | ৪৬ | দিনাজপুর | দিনাজপুর সরকারি কলেজ |
| ১৫ | ময়মনসিংহ | আনন্দ মোহন কলেজ | ৪৭ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সরকারি কলেজ |
| ১৬ | কিশোরগঞ্জ | গুরুদয়াল সরকারি কলেজ | ৪৮ | পঞ্চগড় | মকবুলার রহমান কলেজ |
| ১৭ | নেত্রকোণা | নেত্রকোণা সরকারি কলেজ | ৪৯ | খুলনা | বি এল কলেজ |
| ১৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম কলেজ | ৫০ | বাগেরহাট | পিসি কলেজ |
| ১৯ | কক্সবাজার | কক্সবাজার সরকারি কলেজ | ৫১ | সাতক্ষীরা | সাতক্ষীরা সরকারি কলেজ |
| ২০ | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সরকারি কলেজ | ৫২ | যশোর | এম এম কলেজ |
| ২১ | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সরকারি কলেজ | ৫৩ | মাগুরা | হোঃ শঃ সোঃ সরকারি কলেজ |
| ২২ | বান্দরবান | বান্দরবান সরকারি কলেজ | ৫৪ | ঝিনাইদহ | কে সি সরকারি কলেজ |
| ২৩ | নোয়াখালী | নোয়াখালী সরকারি কলেজ | ৫৫ | নড়াইল | ভিক্টোরিয়া সরকারি কলেজ |
| ২৪ | ফেনী | ফেনী সরকারি কলেজ | ৫৬ | কুষ্টিয়া | কুষ্টিয়া সরকারি কলেজ |
| ২৫ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সরকারি কলেজ | ৫৭ | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সরকারি কলেজ |
| ২৬ | কুমিল্লা | ভিক্টোরিয়া কলেজ | ৫৮ | মেহেরপুর | মেহেরপুর সরকারি কলেজ |
| ২৭ | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ | ৫৯ | বরিশাল | বি এম কলেজ |
| ২৮ | চাঁদপুর | চাঁদপুর সরকারি কলেজ | ৬০ | ভোলা | ভোলা সরকারি কলেজ |
| ২৯ | সিলেট | এমসি কলেজ | ৬১ | ঝালকাঠি | ঝালকাঠি সরকারি কলেজ |
| ৩০ | মৌলভীবাজার | মৌলভীবাজার সরকারি কলেজ | ৬২ | পিরোজপুর | সোহরাওয়ার্দী কলেজ |
| ৩১ | হবিগঞ্জ | বৃন্দাবন কলেজ | ৬৩ | পটুয়াখালী | পটুয়াখালী সরকারি কলেজ |
| ৩২ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ কলেজ | ৬৪ | বরগুনা | বরগুনা সরকারি কলেজ |

সংযুক্তি-'খ'

# মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়নের আবেদন ছক

১. প্রতিষ্ঠানের নাম ঃ এমপিও কোড নং-

২. ডাকঘর ঃ

৩. যে পদে/যে সকল পদে/বিষয়ে নিয়োগ দেয়া হবে তার নাম ঃ

৪. প্রতিষ্ঠান ত্যাগকারী (পদত্যাগ/অবসর/মৃত্যুবরণ/চাকুরীচ্যুত) শিক্ষক/কর্মচারী নাম ঃ
(সংশ্লিষ্ট কাগজপত্রসহ নাম, পদবী, বিষয় ও ইনডেক্স নম্বর উল্লেখ করে তালিকাসহ সংযুক্ত করতে হবে)

৫. শেষ স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ ঃ

৬. শেষ অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ ঃ

৭. ঐচ্ছিক বিষয় খোলার শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

ক. শিক্ষা বোর্ড কর্তৃক শিক্ষা বর্ষ ঃ স্মারক নং ও তারিখ-

খ. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শিক্ষা বর্ষ ঃ স্মারক নং ও তারিখ-

৮. সর্বশেষ কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ ঃ

৯. সংশ্লিষ্ট বিষয়ে নিয়মিত ছাত্র/ছাত্রীর সংখ্যা-উচ্চ মাধ্যমিক ঃ একাদশঃ দ্বাদশ ঃ মোট ঃ

স্নাতক ঃ ১ম বর্ষ ঃ ২য় বর্ষ ঃ ৩য় বর্ষ ঃ মোট ঃ

ছাত্র-ছাত্রী সংক্রান্ত তথ্য ঃ

| বিভাগ | উচ্চ মাধ্যমিক | | | স্নাতক | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | একাদশ | দ্বাদশ | মোট | ১ম বর্ষ | ২য় বর্ষ | ৩য় বর্ষ | মোট |
| মানবিক | | | | | | | |
| বিজ্ঞান | | | | | | | |
| বাণিজ্য | | | | | | | |

১০. জনবল সংক্রান্ত তথ্য ঃ

| শিক্ষক/কর্মচারী | শিক্ষক | | প্রদর্শক | শরীর চর্চা শিক্ষক | গ্রন্থাগারিক | সহকারী গ্রন্থাগারিক | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | | | | | | |
| কর্মরত | | | | | | | | |
| এমপিওভুক্ত | | | | | | | | |

১১. প্যাটার্ন অতিরিক্ত পদে এমপিওভুক্ত (যদি থাকে) শিক্ষক/কর্মচারী সংখ্যা সংক্রান্ত তথ্য-

ক) শিক্ষক............ জন খ) প্রদর্শক ............ জন গ) ৩য় শ্রেণী ............... জন ঘ) ৪র্থ শ্রেণী ................ জন

১২. গ্রন্থাগারের আয়তন ঃ দৈর্ঘ্য ঃ........................ ফুট, প্রস্থ ................ ফুট, বই সংখ্যা ............... টি।

১৩. গবেষনাগারের সংখ্যা ঃ ........................ টি, আয়তন (প্রতিটির পৃথক আয়তন) ঃ

সভাপতির স্বাক্ষর

নাম ঃ

মূল পদবী ঃ

ফোন ঃ

অধ্যক্ষের স্বাক্ষর

নাম ঃ

মূল পদবী ঃ

ফোন ঃ

বিঃ দ্রঃ আবেদনে প্রদত্ত তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় রেকর্ডসহ প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিও শীট, বিলের কপি এবং কর্মরত শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা জমা দিতে হবে।